

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।


স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.৩২.০৮৩.১৩.অংশ-১./২২০৬


তারিখ : ১৭/০৯/২০১৬ খ্রিঃ

বিষয় : কারিগরি শিক্ষা অধিদপ্তরাদ্বীন প্রতিষ্ঠানসমূহে জিওবি বর্হিভূত অন্যান্য উৎস হতে বিভিন্ন উপ-খাতে প্রাপ্ত অর্থ আয়-ব্যয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাদ্বীন ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে আয় ও ব্যয়ের জিওবি বর্হিভূত বেশ কয়েকটি উপ-খাত রয়েছে, যেমন- পরীক্ষা, সাইকেল গ্যারাজ, মসজিদ, অত্যাবশ্যকীয় কর্মচারী, পরিচয় পত্র, সহ-শিক্ষা, অন্যান্য বিবিধ উপ-খাত। শিক্ষার্থীদের নিকট হতে সরকারী নির্দেশনার আলোকে যে নামেই অর্থ গ্রহণ করা হোক না কেন আদায়কৃত সমুদয় অর্থ ব্যাংকের সংশ্লিষ্ট হিসাবে জমা করতে হবে এবং তা সরকারী অর্থ ও সরকারী অডিটের আওতাভুক্ত। সকল ধরনের অর্থ আয়-ব্যয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা থাকা বাঞ্ছনীয়।

- ২। পরিলক্ষিত হচ্ছে, বিভিন্ন প্রতিষ্ঠানসমূহে জিওবি ব্যতীত অন্যান্য উৎস হতে বিভিন্ন উপ-খাত হিসাবে প্রাপ্ত অর্থ আয়-ব্যয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হয় না-মর্মে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক বেশ কয়েকটি প্রতিষ্ঠান পরিদর্শনে প্রতীয়মান হয়েছে। এতে করে প্রতিষ্ঠানের প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রমে শৃঙ্খলার অভাব দেখা দিয়েছে এবং প্রতিষ্ঠানসমূহে নানা রকমের সমস্যার সৃষ্টি হচ্ছে।
- ৩। বর্ণিত সমস্যা নিরসনকল্পে প্রতিটি প্রতিষ্ঠানের জিওবি বর্হিভূত অন্যান্য উৎস হতে বিভিন্ন উপ-খাতে প্রাপ্ত অর্থ ব্যয় কার্যক্রম পরিচালনার নিমিত্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের সম্পৃক্ত করে কমিটি গঠনের মাধ্যমে সম্পন্ন করতে বলা হলো।
- ৪। জিওবি বর্হিভূত অন্যান্য উৎস হতে বিভিন্ন উপ-খাতে প্রাপ্ত অর্থের আয়-ব্যয়ের বিবরণীর কপি অধ্যক্ষ বা আয়ন-ব্যয়ন কর্মকর্তার নাম, পদবী সম্বলিত স্বাক্ষরসহ মাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ০৭(সাত) কর্মদিবসের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ৫। এ আদেশ জারীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

  
১৯.৯.২০১৬  
(মোঃ মিজানুর রহমান)  
যুগ্ম-সচিব  
পরিচালক(ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  


- ১। অধ্যক্ষ  
ভোকেশনাল টিচার্স ট্রেনিং কলেজ, বগুড়া।
- ২। অধ্যক্ষ  
টেকনিক্যাল স্কুল ও কলেজ. (সকল)

অবগতি ও ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)